বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রধান কার্যালয়, কুমিল্লা

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
২৪ মে ২০২৬ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ২৮.১১.০০০০.০০০.৩৩১.৯৯.০০২৫.২৩.৬৩

**বিষয়:** **কালো তালিকাভুক্তকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নাম পরিবর্তন সংক্রান্ত অভিযোগ তদন্তের লক্ষ্যে গঠিত তদন্ত কমিটির অনুসন্ধানে জনাব মোঃ রফিকুল ইসলাম (পিতা: মৃত মোঃ আব্দুল হালিম)-এর গ্যাস সংযোগ (গ্রাহক কোড: ৩-ডি-৩০৫৪) ভুয়া দলিলাদি ও কাগজপত্র সৃজনপূর্বক জনাব ইউছুফ হাজী (পিতা: মৃত মোঃ আব্দুল হালিম), ঠিকানা: ভাঙ্গাপোল, হাজীবাড়ি, ৫নং ওয়ার্ড, উত্তর রঘুনাথপুর, চাঁদপুর সদর, চাঁদপুর-এর নামে নাম পরিবর্তনের ঘটনায় আপনার ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স মজুমদার ট্রেডার্স (তালিকাভুক্তি সনদপত্র নং-২৮৭)-এর প্রত্যক্ষ সম্পৃক্ততা পরিলক্ষিত হয়েছে।

আপনার এহেন কার্যকলাপ কোম্পানির স্বার্থ, সুনাম, মর্যাদা ও ভাবমূর্তি ক্ষুণ্ন করেছে, যা কোম্পানির সাথে সম্পাদিত চুক্তি/তালিকাভুক্তির তফসিলভুক্ত সংশ্লিষ্ট ধারাসমূহের পরিপন্থী। তদন্ত কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে আপনার বিরুদ্ধে তাৎক্ষণিক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের পরিবর্তে আত্মপক্ষ সমর্থনের সুযোগ প্রদানপূর্বক কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়। উক্ত নোটিশের প্রেক্ষিতে গত ২৬/০৯/২০২৪ তারিখে দাখিলকৃত আপনার লিখিত জবাব বিস্তারিতভাবে পর্যালোচনা করা হয়েছে। তবে আপনার প্রদত্ত ব্যাখ্যা কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক ও গ্রহণযোগ্য বিবেচিত হয়নি।

এমতাবস্থায়, বিজিডিসিএল-এর সাথে সম্পাদিত চুক্তি/তালিকাভুক্তির তফসিলের ১৪ নং ধারা এবং কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক আপনার মালিকানাধীন ১.১ শ্রেণির ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স মজুমদার ট্রেডার্স (তালিকাভুক্তি সনদপত্র নং-২৮৭)-কে অর্থবছর ২০২৩-২০২৪, ২০২৪-২০২৫ ও ২০২৫-২০২৬ পর্যন্ত কালো তালিকাভুক্ত করা হলো।

২৪-০৫-২০২৬
প্রকৌঃ মোস্তফা মাহিন সোহাগ
উপ-মহাব্যবস্থাপক

জনাব তামান্না আক্তার বৃষ্টি, স্বত্বাধিকারী, মেসার্স মজুমদার ট্রেডার্স (তালিকাভূক্তি সনদপত্র নং-২৮৭), ঠিকানা: বাসারা, ওয়ার্ড নং-০২, পোঃ বাসারা, উপজেলাঃ ফরিদগঞ্জ, জেলাঃ চাঁদপুর।।

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
২৪ মে ২০২৬ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ২৮.১১.০০০০.০০০.৩৩১.৯৯.০০২৫.২৩.৬৩/১ (৩)

সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রেরণ করা হল:

১। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
২। মহাব্যবস্থাপক সকল ও কোম্পানি সচিব।
৩। সকল উপ-মহাব্যবস্থাপক।

০৩-০৬-২০২৬
প্রকৌ. কমল কুমার ঘোষ
ব্যবস্থাপক